গ) "এ জনাকীর্ণ ভবস্থল আজি বিজন জনার পক্ষে" — 'নীলধ্বজের প্রতি জনা' পত্রে জনার মনস্তাত্ত্বিক বিবর্তনের রূপরেখা নিজের ভাষায় বুঝিয়ে দাও।

ঘ) 'আগে আত্মা, পরে দেহ যাইছে তুহার' — কবির এই অভিসারকে 'অদ্ভুত' মনে হওয়ার কারণগুলি নিজের ভাষায় লেখো।

---





# ২০২৫

# বাংলা

## (অনার্স)

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)**

**চতুর্থ সেমেস্টার**

**কোর্স কোড : BNG-H-CC-T-9**

**(কাব্যের রূপভেদ, কাব্যজিজ্ঞাসা ও কাব্যপাঠ)**

**[CBCS]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'কোমল আলো মুখে, বুলায়ে যায় পাণি' — কার মুখে, কে আলো বুলিয়ে যায়?

খ) 'বিভাব' কাকে বলে?

গ) স্থায়ী ভাব বলতে কী বোঝ?

ঘ) 'একমাত্র আছে অই অখিলমোহন' — 'অখিলমোহন' বলতে কী বোঝানো হয়েছে?

ঙ) "এ দুজন যদি আসে কাছে, মুছি আঁখি অমনি"— কে, কোন্ দুজনের কথা বলেছেন?

(পরের পাতায়)

চ) ‘কেমনে তুই রে পোড়া লেখনি, লিখিলি এ পাপকথা’ —‘পাপকথা’ কী?

ছ) ‘রসবাদ’-এর মুখ্য প্রবক্তা হিসেবে কোন্ আলংকারিক নাম করা যায়? তিনি কোন্ শতকের আলংকারিক ছিলেন?

জ) ‘দিয়াছিল যেই রত্ন ভারতী তোমায় - অপার্থিব ধন’ - — কোন্ রত্নের কথা বলা হয়েছে? ‘অপার্থিব ধন’ কী?

ঝ) রোম্যান্টিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঞ) দুটি পাশ্চাত্য মহাকাব্যের নাম লেখো।

ট) “সর্বাঙ্গে হাড়ের মালা/শিরায় ফণীর জ্বালা”—কোন্ প্রসঙ্গে কবি এই উক্তি করেছেন?

ঠ) ‘মাইকেল মধুসূদন দত্ত’ কবিতায় মাইকেল মধুসূদন রচিত কী কী কাব্য-নাটকের উল্লেখ আছে? স্তুতিকবিতার বৈশিষ্ট্য কী?

ড) ‘তারা সভাকবি, আমরা বন্ধু’— কবি এখানে কোন্ ‘বন্ধু’-দের কথা বলতে চেয়েছেন?

ঢ) ‘সঞ্চারী’ ভাব বলতে কী বোঝ?

ণ) ‘ভূতের বেগার খেটে মরিস মিছে’ — এখানে ‘ভূতের বেগার’ বলতে কী বোঝানো হয়েছে?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ধ্বনিবাদের ক্ষেত্রে ‘বাচ্যার্থ’ ও ‘ব্যঞ্জনা’-র সম্পর্ক বুঝিয়ে দাও।

খ) উদাহরণসহ আখ্যানকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) একটি বাংলা শোককাব্যের আলোচনাসহ শোককাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঘ) “কুলের পিঞ্জর ভাঙ্গি, কুলবিহঙ্গিনী উড়িল পবনপথে” — আধুনিক নারীমনস্তত্ত্বের স্বাধীন অভিব্যক্তি তারা চরিত্রে কীভাবে প্রকাশ পেয়েছে, সংক্ষেপে আলোচনা করো।

ঙ) “পরম অধর্ম্মচারী রঘুকুলপতি”— কেকয়ীর এই অভিযোগের মধ্যে দিয়ে তার কোন্ মনোভাব প্রকাশ পেয়েছে?

চ) ‘এই আমাদের ধর্ম, এই জীবনের কর্ম’ — উক্তির আলোকে কবির স্বাদেশিক মনোভাবের পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) “রস ও কাব্যের জগত অলৌকিক মায়ার জগৎ” — কাব্যতত্ত্বের আলোকে এই মন্তব্যের যাথার্থ্য বুঝিয়ে দাও।

খ) পত্রকাব্যের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো।

 (পরের পাতায়)